

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৪৪৩

পানিসাগর, ৩ অক্টোবর, ২০২৪

**পানিসাগর মহকুমা ভিত্তিক গান্ধী জন্মজয়ষ্ঠী**

যথাযোগ্য মর্যাদায় পানিসাগর মহকুমা ভিত্তিক মহাআ গান্ধীর জন্মজয়ষ্ঠী গতকাল পালন করা হয়। এ উপলক্ষে পানিসাগর নগর পঞ্চায়েতেও মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে টাউন হলে এক শুদ্ধাঞ্জলি অনুষ্ঠানের উদ্বোধন করেন নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বিধায়ক বিনয় ভূষণ দাস গান্ধীজির জীবনী ও স্বাধীনতা আন্দলনে তাঁর অবদান নিয়ে বিস্তারিত আলোচনা করেন। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, মহকুমা শাসক সুশান্ত দেববর্মা, উপ কার্যনির্বাহী আধিকারিক অনিলকুমা দাস প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ গান্ধীজির প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানান। অনুষ্ঠান উপলক্ষে বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। তাছাড়া স্বচ্ছতা-হি-সেবা কর্মসূচিতে আয়োজিত সাফাই অভিযান, কৃতিজ্ঞ প্রতিযোগিতা, স্বচ্ছতা র্যালি, স্বচ্ছতা রান, বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল। অনুষ্ঠানে প্রতিযোগিতার বিজয়ীদের পুরস্কার বিতরণ করা হয়।

\*\*\*\*\*